

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৭৪
আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

মুখ্যমন্ত্রীর সাথে ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্ণেলের সাক্ষাত



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার সাথে আজ ভারতীয় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্ণেল অমরচাঁদ সরকার সাক্ষাত করেন। রাজ্যের বাসিন্দা বর্তমানে কলকাতা নিবাসী শ্রীসরকার চারিপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং বড়দোয়ালী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়কে ১ লক্ষ টাকা করে মোট ৩ লক্ষ টাকা প্রদান করেছেন। আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহার হাতে পৃথক ভাবে তিনি চেকগুলি তুলে দেন। অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্ণেল শ্রী সরকার জানিয়েছেন, মূলতঃ অর্থনৈতিক দিক দিয়ে দুর্বল বিশেষ করে তপশিলী জাতি অংশের ছাত্র-ছাত্রীদের পড়াশোনায় সহায়তার জন্য তিনি এই অর্থ প্রদান করেছেন।

মুখ্যমন্ত্রী অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্ণেল অমরচাঁদ সরকারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। ভবিষ্যতেও প্রবাসী ত্রিপুরার নাগরিকরা রাজ্যের উন্নয়নে এগিয়ে আসবেন বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, বিদ্যালয় শিক্ষা অধিকর্তা এন সি শর্মা সহ সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষিকাগণ মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাতের সময় উপস্থিত ছিলেন।
